# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 06 May, 2025

বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে বাংলাদেশে স্বাগত জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলম।

মঙ্গলবার (৬ মে) সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে তার ভেরিফাইড পেইজে দেয়া এক পোস্টে তিনি খালেদা জিয়াকে স্বাগতম জানিয়ে লেখেন, ‘আমরা বিশ্বাস করতে চাই, জুলাই অভ্যুত্থানে বাংলাদেশের আপামর ছাত্র জনতা যে আকাঙ্ক্ষাগুলোকে বুকে ধারণ করে অকাতরে রক্ত দিয়েছে, জীবন দিয়েছে; সেই আকাঙ্ক্ষাগুলোকে সামনে রেখে তিনি এবং তার দল বিএনপি আপোসহীনভাবে বাংলাদেশের গণতন্ত্র রক্ষায় দেশের স্বার্থকে সর্বাগ্রে প্রাধান্য দিয়ে কাজ করে যাবেন।

পরিশেষে তিনি লেখেন, ‘তার (খালেদা জিয়া) সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করছি।

বিএনপি জাতীয় নাগরিক পার্টি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 17:51

URL: https://www.timestodaybd.com/public/politics/7758072014